

ইতিবাচক পরিবর্তনের লক্ষ্যে কাজ করতে হবে - বিমান সচিব

- A Monitor Desk Report

Date: 18 September, 2024



ঢাকা: বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের নব-নিযুক্ত সচিব নাসরীন জাহান বলেছেন, পরিবর্তিত সময়ের চাহিদানুসারে সরকারি কর্মকর্তাদের দেশ ও সমাজের কাংশিত ইতিবাচক পরিবর্তনের লক্ষ্যে কাজ করতে হবে। এ লক্ষ্যে অর্জনে সততা, নিষ্ঠা ও আন্তরিকতার পাশাপাশি দেশপ্রেমের অনুপম দৃষ্টান্ত স্থাপন করতে হবে এবং প্রতিটি ক্ষেত্রে সচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে হবে।

তিনি নিরাপদ, দক্ষ ও নির্ভরযোগ্য বিমান পরিবহন ব্যবস্থার উন্নয়ন এবং পর্যটন শিল্পকে বিকশিত করার মাধ্যমে জীবনযাত্রার মান উন্নয়নসহ জাতীয় প্রবৃদ্ধিতে অবদান রাখার ওপর গুরুত্বারোপ করেন।

বাংলাদেশকে একটি অন্যতম প্রধান এভিয়েশন হাব এবং আকর্ষণীয় পর্যটন গন্তব্য হিসেবে উন্নীতকরণে নব নিযুক্ত সচিব তাঁর অঙ্গীকার ব্যক্ত করেন।

বুধবার (১৮ সেপ্টেম্বর) সকালে সচিবালয়ে মন্ত্রণালয়ের সভাকক্ষে কর্মকর্তাদের সাথে মতবিনিময়কালে তিনি এ কথা বলেন।

মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ফাতেমা রহিম ভীনা, মুহম্মদ আশরাফ আলী ফারুক, মো. আনিসুর রহমানসহ মন্ত্রণালয়ের কর্মকর্তাগণ এ সময় উপস্থিত ছিলেন।

প্রসঙ্গত, নতুন সচিব বিসিএস (প্রশাসন) ক্যাডারের ১১ ব্যাচের কর্মকর্তা। এর আগে তিনি জনপ্রশাসন মন্ত্রণালয়ে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (অতিরিক্ত সচিব) হিসেবে কর্মরত ছিলেন।

